Local body may, with participation of concerned landowner or tenants, formulate local planning in such area where town planning has not yet been approved.

#### **Formation of town development committee: (article 4)**

The government of Nepal may form town development committee in any area, city area, town area, or regional development center as per necessity.

#### **Approve of plan and development: (article 12A)**

In case any institution intends to operate any development in the area where town planning has not come into force, it shall take approval from the committee.

#### **Finance and land ownership: (article 12.1)**

To formulate project relating to service and facilities in a part of town planning area with the participation of at least seventy five percent local land owners and tenants and to operate guided land development programme as per the said project in the investment of concerned body of the Government of Nepal, corporate body Municipality and local people.

#### **Restriction of project area: (article 9)**

Project related any act and activities which cause adverse effect on natural beauty, tourism side, and public health or which cause environmental pollution are prohibited.

### 2.3 Land Readjustment (LR) in Japan

Legal Content	Description
Urban planning tool (Objective of land readjustment)	Land readjustment means to alter the shape and conditions of plots and to install or improve public facilities in the city planning area in order to provide better public facilities and increase the usage of each plot (LRL article 2)
Relationship to local regulations	When the implementation agency is the private sector, the government examines if the proposed project area is suitable for urbanization, and is basically out of any urbanization control areas, in accordance with the city master plan (LRL articles 9, 21 and 51.9). When the implementation agency is the public sector, the project area shall be the area designated as a land readjustment project area according to the City Planning Law (LRL articles 3, 3.2 and 3.3; CPL article 7).
Implementation agencies (Both the public and private sectors)	Land readjustment implementation agencies can be divided in six categories: individuals; associations of landowners and leaseholders; land readjustment stock companies established by landowners; prefectural or municipal governments; the Ministry of Land, Infrastructure, Transport and Tourism; and the Urban Renaissance Agency and Corporations for Housing and Urban Development (LRL articles 3 to 3.4)
Major related concepts (Repotting, the principle of correspondence and transfer of rights)	The land readjustment law does not clearly define repotting, but it is taken for granted that it means the change of location, format and area of several plots of land to achieve the results proposed by a land readjustment project. The principle of correspondence means that the repot shall correspond to the original plot in terms of location, area, soil, water supply, land use, environment and other conditions (LRL article 89). Transfer of ownership rights means that the lands repotted under the repotting plan shall be regarded as the original plots (LRL article 10.4)
Rights holders' participation (Consensus building and minimum adhesion percentage)	In cases that the land readjustment project is carried out by the private sector, it is necessary to obtain consent of at least two thirds of all of the landowners and leaseholders respectively and, in this case, the sum of the areas of plots of those who consent to the project shall amount at least two thirds of the sum of the total areas of plots in the land readjustment project (LRL articles 18 and 51.6).
Land contribution and cost recovery land	The area of a repot is smaller than the area of its original plot. This decreased area is called land contribution. Land contribution is used for additional surface of urban infrastructure and the reserve land. The land readjustment law does not clearly define land contribution but that this will happen is taken for granted since the purpose of land readjustment project is to install and improve public facilities (LRL article 2). Reserve land means a certain extent of land, which shall be left out of the repotting to appropriate ate profit from its sale to meet the land readjustment project expenses or for falling the purposes prescribed in the project rules (LRL article 96).

Development restrictions until project completion	During the period from the public announcement regarding the beginning of the project until the project's completion, any alteration of physical conditions land, construction, reconstruction, expansion of buildings and other structures – shall be restricted, unless subject to permission and prior approval from the government (LRL article 76).
Penal regulations for bribes, dishonesty and violations	Any member of the association or implementation agency that accepts, demands or promises a bribe related to the project, shall be sentenced to up to three years of penal servitude, and if a person who conducts anything dishonest or does not carry out his duties as required shall be sentenced to up to seven years in prison (LRL article 137). Any holder of rights who violates the requests made by the implementation agency or the project board, as well as members that fail to comply with their obligations shall be subject to criminal penalties and payment of fines (LRL articles 138 to 146).

\*\*\*City Planning Law-CPL

\*\*Land Readjustment Law-LRL

(Source: [https://www.jica.go.jp/jica-ri/publication/...att/LAND\\_READJUSTMENT\\_web.pdf](https://www.jica.go.jp/jica-ri/publication/...att/LAND_READJUSTMENT_web.pdf))

### 3. Land Related Law and Rules in Bangladesh

#### 3.1 Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982

##### Award of compensation by Deputy Commissioner:

7. (1) On the date so fixed, or on any other date to which the enquiry has been adjourned, the Deputy Commissioner shall proceed to enquire into the statement, if any, which any person has made pursuant to a notice given under section 6 and into the value of the property at the date of the publication of the notice under section 3, and into the respective interests of the persons claiming the compensation and shall make an award of -(a) the compensation which, in his opinion, shall be allowed for the property; and (b) the apportionment of the said compensation among all the persons known or believed to be interested in the property, of whom, or of whose claims, he has information. (2) The award made by the Deputy Commissioner shall, except as hereinafter provided, be final. [(3) The Deputy Commissioner shall, within seven days from the date of making award of compensation,-

(a) give notice of his award to the person interested;

(b) send the estimate of the award of compensation to the requiring person. (4) The requiring person shall deposit the estimated amount of the award of compensation with the Deputy Commissioner in the prescribed manner within sixty days from the date of receipt of the estimate.]

#### 3.2 Land Development Tax Ordinance, 1976

There shall be levied and collected every year commencing on the first day of Baishak.

### **3.3 Article-42 of Land Management Manual, 1990**

Khas Land of government includes all types of land which are under the control of Ministry of Land and excludes all types of land which are under the ownership of persons, organizations and other departments of government.

### **3.4 Private Residential Land Development Rule (PRLDR), 2004**

Private Residential Land Development Rule (PRLDR) of 2004 came into effect with a gazette notification issued on March 1, 2004. This is a legal instrument for controlling land development in private sector housing in Bangladesh. It provides procedures and guidelines for land development protecting the environment. Private Residential Land Development Rule 2004 is applicable for those areas which are included in Master plan according to The Town improvement Act, 1953 and The Building Construction Act, 1952. Chapter 1 of this rule enunciate some definition of relative terms. Chapter 2 enunciates initiator related registration process and registration of the Maker of Lay-out-plan. Chapter 3 mentions the General criteria of Private Residential Project Approval. Chapter 4 describes The Advisory process regarding private residential project and Chapter 5 describes The Approval process of private residential project. Chapter 6 mentions other related miscellaneous topic.

The Private Residential Land Development Rule 2004 provides percentages of land that must be kept for community facilities, amount of land to be sold out, school sites, road hierarchy and importantly planning standards, for example, allocation of land per 1000 population. In Schedule 3 of the Private Residential Land Development Rule 2004, Space Standards for Urban Community Facilities in acres by Population size are enunciating for the initiator of private land development project. A private residential land development project is suitable for living if the given space standards are followed. As per sub section 3 of section 9 of chapter 3 of the PRLDR 2004, Water bodies and flows within the project area should not be hampered and its area cannot be reduced. Thus, existing section is safeguard for preserving the natural water body and does not hamper the flood flow zone. Section 7 of chapter 3 describes the land ownership and rehabilitation of affected people due to engaged project. This section ensures the original inhabitant about the ownership on their land which is controversial issue since the beginning of the private land development Project.

Private residential land development rules 2004 provides a complete legal support for land development in private sector housing which permits 350 persons per acre though this standard is quite high compared with other megacities of the world. As per sub section 2 of section 11 of the PRLDR only provides that violation of the rule will be an offence and the authority shall take legal action. However, it prescribes no procedure for institution of legal proceedings, which need to be addressed. Any legal measure are not prescribed in the PRLDR 2004 which can controlled the indiscriminate land filling in the flood flow zones and low-lying areas of the city by private sectors. There is no provision of periodical revision of any project in PRLDR 2004. In Private residential land development rules there is limited provision of public participation. Therefore private developers are not willing to fulfill all requirement and standards in a land development project.

Private Residential Land Development Rule 2004 can be provided an effective opportunity to regulate the unplanned development. With effective policies, regulations and active participation of local people within a responsive administrative system unplanned land development can be controlled. It is expected that the development rules and restriction should not only be in the written document, but also come into enforcement and practice

(Source: [urpbd.blogspot.com/2015/02/review-on-private-residential-land.htm](http://urpbd.blogspot.com/2015/02/review-on-private-residential-land.htm))

#### 4. National Land Readjustment Policy (Draft), 2018

##### জাতীয় ল্যান্ড রিএডজাস্টমেন্ট নীতিমালা-২০১৮ (খসড়া)

বাংলাদেশ হলো কৃষি প্রধান দেশ। বাংলাদেশের মতো কৃষি নির্ভর দেশের মূল সমস্যা হলো সম্পদের উপর জনসংখ্যার ক্রমবর্ধমান চাপ। জনসংখ্যার এই চাপের ফলে কৃষি নির্ভর সমাজ ব্যবস্থা দ্রুত অকৃষি কর্মকাণ্ডের দিকে এগোতে শুরু করেছে।

প্রতি বছর অসংখ্য মানুষ নগরগুলোতে জীবিকার প্রয়োজনে প্রবেশ করছে। ফলে শহরে বসবাসকারী মানুষের রকমারি প্রয়োজন যেমন: পানি, বিদ্যুৎ, জ্বালানী সরবরাহসহ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, ময়লা-আবর্জনা পরিষ্কার করা সহ মৌলিক সেবা-সুবিধা প্রদানে কৃ তপক্ষ এখনই হিমশিম খাচ্ছে। ফলে নতুন করে ভূমি অধিগ্রহণ করা সম্ভব হয়ে উঠছে না।

অপরদিকে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন দ্রুত ঘটছে, ভূমির মূল্য ও প্রাপ্তি কষ্টকর হচ্ছে। সাম্প্রতিক সময়ে বাংলাদেশ এল ডি সি থেকে উন্নয়নশীল দেশের কাতারে উন্নীত হয়। সরকারের নানামুখী কর্মকাণ্ড দেশকে দ্রুত মধ্যম আয়ের দেশের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। ভূমির সুষ্ঠু ব্যবহারের ক্ষেত্রে ল্যান্ড রিএডজাস্টমেন্ট প্রক্রিয়া আমাদের প্রতিবেশী দেশ ভারত ও ভুটানে উলেখ যোগ্য ভূমিকা পালন করেছে। ভূমির সুষ্ঠু ব্যবহারের ক্ষেত্রে উন্নত দেশসমূহ যেমন জাপান, জার্মানিতে ল্যান্ড রিএডজাস্টমেন্ট প্রক্রিয়ায় উলেখ যোগ্য ভূমিকা পালন করেছে। এমতাবস্থায় যদি বাংলাদেশে এখনই ল্যান্ড রিএডজাস্টমেন্ট নীতিমালা না করা হয় তাহলে ভবিষ্যৎ উন্নয়ন কার্যক্রম বাধাগ্রস্ত হয়ে পড়বে।

##### (১) নীতিমালার উদ্দেশ্য:

ভূমি মালিকগণের সাথে সরকারের যৌথ উদ্যোগে আবাসিক এলাকায় পরিকল্পিত উন্নয়ন ঘটানো, পাশাপাশি বিভিন্ন নাগরিক সেবা সমূহ সরবরাহের মাধ্যমে ভূমির মূল্য বৃদ্ধি করা এবং ভূমি মালিকগণের ভূমির মালিকানা নিশ্চিত করা। ভূমি সম্পদের সর্বোচ্চ ব্যবহার ও জনগণকে সম্পৃক্ত করে একটি সমন্বিত ব্যবস্থাপনা গড়ে তোলা।

##### (২) নীতিমালার সুবিধা:

###### (২.১) সরকারের জন্য এলআর সুবিধা:

অপরিকল্পিত ও অনুল্লত এলাকায় সরকারের পক্ষ থেকে বহুমুখী নাগরিক সুবিধাদি প্রদানের মাধ্যমে পরিকল্পিত আর্থ সামাজিক উন্নয়ন করা।

###### (২.২) ভূমি মালিকের জন্য এল আর সুবিধাসমূহ:

- (ক) ল্যান্ড রি এডজাস্টমেন্ট এর মাধ্যমে ভূমি মালিকদের ভূমির মূল্য বৃদ্ধি পায়।
- (খ) খণ্ডিত ভূমি একীভূতকরণের মাধ্যমে ভূমির বহুমুখী ব্যবহার নিশ্চিত হয়।
- (গ) এল আর এর মাধ্যমে ব্যক্তি মালিকানাধীন পটগুলোতে আরও অধিক পরিমাণে সেবাসমূহ সরবরাহ করা যায়।
- (ঘ) জমির মালিকগণ কোন প্রকার বিনিয়োগ ছাড়াই ভূমির মূল্য বৃদ্ধি করতে পারেন।

### (৩) ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট কমিটি:

ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট নীতিমালার সুষ্ঠু বাস্তবায়নের উদ্দেশ্যে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নেতৃত্বে একটি ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট কমিটি গঠন করা হবে।

সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক

সভাপতি

সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান

সদস্য

সংশ্লিষ্ট এলাকার ওয়ার্ড কাউন্সিলর/মেম্বার

সদস্য

সংশ্লিষ্ট এলাকার সুশীল সমাজের প্রতিনিধি (১ জন)

সদস্য

উপজেলা নির্বাহী কর্মকর্তা

সদস্য-সচিব

(৪) কমিটি প্রয়োজনবোধে যে কোন ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে এবং সভায় আমন্ত্রণ জানাতে পারে।

### (৫) ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রক্রিয়া

(৫.১) প্রকল্প এলাকা নির্ধারণ: কর্তৃপক্ষ ও জনসাধারণের ঐক্যমতের ভিত্তিতে নির্ধারিত যে কোন এলাকায় ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্প গ্রহণ করা।

(৫.২) প্রকল্পের পক্ষ: প্রকল্পের দুইটি পক্ষ হবে। প্রকল্পের ভূমি মালিকগণ একটি পক্ষ এবং সরকার অন্য পক্ষ হিসেবে কাজ করবে।

(৫.৩) ভূমির মালিকানা নির্ধারণ: সরকারের বিদ্যমান বিধি বিধান অনুযায়ী সরকার ও ভূমি মালিকগণের মধ্যে চুক্তি সম্পাদিত হবে। তবে ভূমি মালিকগণের নিজ নিজ ভূমির মালিকানা সুনিশ্চিত করতে হবে। প্রকল্পের মধ্য থেকে প্রকল্প সংশ্লিষ্ট সকল ব্যয় নির্বাহ করা হবে।

(৫.৪) প্রকল্প সংশ্লিষ্ট ব্যয় নির্বাহ: প্রকল্পের মোট জমির সর্বচ্চ ২০% জমি প্রকল্প সংশ্লিষ্ট ব্যয় নির্বাহের জন্য নির্ধারিত থাকবে।

### ৬. প্রকল্প এলাকার আয়তন, সীমানা ও জনসংখ্যা নির্ধারণ

#### ৬.১ প্রকল্প এলাকার আয়তন

(ক) ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্প গ্রহণের ক্ষেত্রে জমির মালিকগণ ও কর্তৃপক্ষের মধ্যে আলোচনা সাপেক্ষে জমির পরিমাণ নির্ধারণ করা হবে।

#### ৬.২ সীমানা নির্ধারণ

প্রকল্পের সীমানা নির্ধারণের ক্ষেত্রে কম বসতির জায়গাকে প্রাধান্য দিতে হবে। পাশাপাশি যে সকল এলাকায় পাকা অবকাঠামো গড়ে ওঠে এমন জায়গাকে নির্ধারণ করতে হবে। ভূমি মালিকগণের সীমানা নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করতে হবে:

(ক) প্রত্যেক ভূমির মালিককে তার স্বস্থানে রাখার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে।

(খ) সীমানা নির্ধারণ বা উন্নয়নের ক্ষেত্রে কোন অবকাঠামো ভাঙ্গা হলে তার ক্ষতিপূরণ সুনিশ্চিত করতে হবে।

(গ) ভূমি উন্নয়নে বর্তমান অবস্থাকে যথাযথ প্রাধান্য দিতে হবে।

(ঘ) ভূমির ছোট অংশগুলো বা ছোট আকারের জমিকে একটি বড় পটে রূপান্তর করতে হবে এবং ভূমি মালিকগণকে অর্থনৈতিক সুবিধা প্রদানসহ তাদের প্রাপ্ত ভূমি ফেরত দেওয়া হবে।

#### ৬.৩ জনসংখ্যা নির্ধারণ

(ক) ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্পের প্রতি একরে সর্বোচ্চ জনসংখ্যার ঘনত্ব (Gross Densitz) হবে ১৫০ জন।

### (৭) ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্পের লে-আউট প্ল্যান প্রণয়ন সংক্রান্ত শর্ত

(৭.১) লে-আউট প্ল্যান প্রণয়নের ক্ষেত্রে প্রকল্প এলাকার আশ-পাশের পরিবেশ, সৌন্দর্য্য, যাতায়াত ব্যবস্থা, জলাবদ্ধতা, পানি ও পয়ঃনিষ্কাশন, ড্রেনেজ এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়সমূহ অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে।

(৭.২) প্রকল্প এলাকার নির্ধারিত পরিমাণ জমি নাগরিক সুবিধাদি এবং বিভিন্ন ইউটিলিটি সার্ভিসের জন্য সংরক্ষিত থাকিবে এবং ইহাতে সড়ক নেটওয়ার্ক (প্রধান ও মাধ্যমিক সড়ক বাদে), শিক্ষা প্রতিষ্ঠান, কাঁচা বাজার ও মার্কেট স্থাপন, স্বাস্থ্য ব্যবস্থা, ধর্মীয় প্রতিষ্ঠান, কমিউনিটি সেন্টার, কবরস্থান, পার্ক, খেলার মাঠ এবং বিভিন্ন ইউটিলিটি সার্ভিস ও বিভিন্ন নাগরিক সুযোগ-সুবিধা এবং ইউটিলিটি সার্ভিসের ব্যবস্থা করতে হবে।

(৭.৩) লে-আউট প্ল্যান প্রণয়নে আবশ্যিক ক্ষেত্রে মহাপরিকল্পনার দিক নির্দেশনা, পরিকল্পনা বিধি (Planning Rules) এবং অন্যান্য প্রযোজ্য বিধি-বিধান ও নিয়মাবলী অনুসরণ করতে হবে।

(৭.৪) প্রকল্প এলাকার প্রতিটি (Block/ Sector/ Zone/ Neighborhood) এর Detailed Lay out Plan প্রণয়ন করিতে হইবে এবং এই ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই পালন করতে হবে, যথা:

(ক) সড়ক যোগাযোগ ব্যবস্থার বিন্যাস, প্রকল্প এলাকার আয়তন, জনসংখ্যা বিবেচনায় ন্যূনতম দুটি গাড়ি চলাচলের ব্যবস্থা থাকতে হবে।

**(৭.৫) প্রকল্পে নিম্নবর্ণিত নাগরিক সুযোগ-সুবিধাদি (Common Facilities) থাকিতে হইবে, যথাঃ-**

(ক) প্রকল্প এলাকায় নিরূপিত জনসংখ্যার ভিত্তিতে কাঁচা বাজার, মার্কেট, কমিউনিটি সেন্টার, ধর্মীয় প্রতিষ্ঠান, কবরস্থান ইত্যাদির জন্য প্রয়োজনীয় জায়গা সংরক্ষণ ও নির্মাণ করতে হবে এবং ইহা স্থানীয় সরকার বা ক্ষেত্রমত কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হবে।

(খ) প্রকল্প এলাকায় নিরূপিত জনসংখ্যা (Population Size & Household) এর ভিত্তিতে স্বাস্থ্য কেন্দ্র, ক্লিনিক, হাসপাতাল ইত্যাদির জন্য প্রয়োজনীয় জায়গা সংরক্ষণ করে উক্ত জায়গা স্বাস্থ্য মন্ত্রণালয়ের নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করা হবে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্তরূপ সংরক্ষিত জায়গা আধুনিক স্বাস্থ্য কেন্দ্র বা হাসপাতাল স্থাপনে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় করা হবে।;

(গ) আবাসিক প্রকল্প এলাকায় স্বাস্থ্যসম্মত পরিবেশ সৃষ্টি এবং চিত্ত-বিনোদনের জন্য জনসংখ্যার ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক মাঠ, পার্ক উন্মুক্ত অঞ্চল ও সবুজ চত্বরের জায়গা সংরক্ষণ করা হবে।

(ঘ) প্রকল্প এলাকায় বিভিন্ন ইউটিলিটি সার্ভিসে যথাঃ পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন, আবর্জনা অপসারণ, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পুলিশ ফাঁড়ি/ স্টেশন, ফায়ার সার্ভিস, পোস্ট অফিস ইত্যাদি স্থাপনের জন্য প্রয়োজনীয় জায়গা সংরক্ষণ করা হবে।

(৭.৬) প্রকল্প এলাকার আবাসিক প্রকল্পের লে-আউট প্ল্যান অনুসারে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের সুযোগ-সুবিধাদি থাকতে হবে, যথাঃ-

(ক) প্রকল্প এলাকা যত ক্ষুদ্রই হউক না কেন ইহাতে ন্যূনতম একটি নার্সারী স্কুলের (খেলার মাঠসহকারে) ব্যবস্থা রাখতে হবে;

(খ) প্রকল্প এলাকায় নিরূপিত জনসংখ্যার ভিত্তিতে প্রয়োজনীয় প্রাইমারী স্কুলের সংখ্যা নির্ধারণ এবং স্থাপনের ব্যবস্থা রাখতে হবে এবং প্রতিটি প্রাইমারী স্কুলের ছাত্র সংখ্যার বিবেচনায় খেলার মাঠের সংস্থান রাখতে হবে;

(গ) প্রকল্প এলাকায় নিরূপিত জনসংখ্যার ভিত্তিতে উপযুক্ত খেলার মাঠসহকারে প্রয়োজনীয় কলেজ এবং উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা নির্ধারণ এবং স্থাপনের ব্যবস্থা রাখতে হবে, তবে প্রকল্প এলাকার বাহিরের জনসাধারণের জন্য কলেজ বা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করিয়া কোন অবস্থায় প্রকল্পের জনসাধারণের জীবনযাত্রা ও পরিবেশের ক্ষতিসাধন করা যাবে না;

**(৮) প্রকল্পের ক্ষতিপূরণ ও পুনর্বাসন**

(৮.১) প্রকল্পের ক্ষতিপূরণের যাবতীয় ব্যয়, প্রকল্প সংশ্লিষ্ট ব্যয় হিসেবে বিবেচিত হবে। ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্পের প্রাপ্তির যোগ্যতা বা ক্ষেত্রসমূহ

(ক) সাধারণত ইমারত কিংবা একতলা ছাঁদ বিশিষ্ট ইমারত ভাঙ্গা থেকে বিরত থাকতে হবে।

(খ) কাঁচা বাড়ি-ঘর যেমন: টিনের বা কাঠের বা মাটির বা বাঁশের কিংবা অন্য কোন উপায়ে তৈরি বাড়িসমূহ ভাঙ্গার ক্ষেত্রে ক্ষতিপূরণ দেওয়া হবে।

(গ) প্রকল্পের ইউটিলিটি সুবিধাসমূহ প্রদানের ক্ষেত্রে কোন ভূমি অধিগ্রহণ করা হইলে, অধিগ্রহণকৃত জমি বা বসতবাড়ির মালিককে The Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (Ordinance No. 11 of 1982) এর বিধানমতে ব্যবস্থা গ্রহণ করা হবে।



## (৯) সুপারিশ

ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট সংক্রান্ত যাবতীয় বিষয়গুলো সমন্বিত ও সঠিকভাবে পরিচালনার জন্য “ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট আইন, ২০১৮” প্রণয়ন করার সুপারিশ করা হইল।

## 5. Land Readjustment Act. (Draft), 2018

### ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট আইন, ২০১৮ (খসড়া)

বাংলাদেশে উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে অন্যতম বড় সমস্যা ভূমি প্রাপ্তি। অপরদিকে ক্রমবর্ধমান আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিত আবাসিক এলাকার জন্য ভূমি প্রাপ্তি একটি বড় সমস্যা। এই সমস্যা সমাধানের জন্য সরকারের সাথে ভূমি মালিকগণের যৌথ উদ্যোগে ভূমি প্রাপ্তি ও উন্নয়ন ঘটানো, পাশাপাশি বিভিন্ন নাগরিক সেবা সমূহ সরবরাহের মাধ্যমে ভূমির মূল্য বৃদ্ধি করা। ভূমি মালিকগণের ভূমির মালিকানা নিশ্চিত করার পাশাপাশি টেকসই উন্নয়নের উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু ভূমি মালিকগণকে সম্পৃক্ত করে একটি আবাসিক প্রকল্প বাস্তবায়নের জন্য ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট ও উহার ব্যবস্থাপনাসহ অন্যান্য আনুষঙ্গিক বিষয়ে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:

### ১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন, ব্যাপ্তি, উদ্দেশ্য।

- (১) এই আইন ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।
- (২) সরকার, সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।
- (৩) এই আইন The Town Improvement Act, 1953 (E.B. Act. XIII of 1953) এবং The Building Construction Act, 1952 (E.B. Act II of 1952) এর অধীন প্রণীত মহাপরিকল্পনাভুক্ত এলাকায়, বিভাগীয় ও জেলা শহরের পৌরসভাসহ দেশের সকল পৌরসভায় অথবা উপজেলাসমূহে ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্পের জন্য প্রযোজ্য হইবে।
- (৪) সরকার এবং ভূমি মালিকগণের যৌথ উদ্যোগে আবাসিক এলাকার ভূমির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে পরিকল্পিত উন্নয়ন ঘটানো, পাশাপাশি বিভিন্ন নাগরিক সেবা সমূহ সরবরাহের মাধ্যমে ভূমির মূল্য বৃদ্ধি এবং ভূমি মালিকগণের ভূমির মালিকানা নিশ্চিত করার মাধ্যমে একটি সমন্বিত ও টেকসই আবাসন ব্যবস্থাপনা গড়ে তোলা।

### ২। সংজ্ঞা।-

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে -

- (১) “ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট” অর্থ অপরিকল্পিত, ছোট আকারের ভূমিগুলোকে পরিকল্পিত উন্নয়নের মাধ্যমে ভূমির মূল্য বৃদ্ধি ও ভূমির পূণ:সীমানা নির্ধারণ;
- (২) “কর্তৃপক্ষ” অর্থ রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ এবং আপাতত: বলবৎ অন্য কোন আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন সিটি কর্পোরেশন, বিভাগীয় ও জেলা শহর, উপজেলা এবং সকল পৌরসভা সমূহ;

### (৩) “সরকার” অর্থ এই আইনের প্রশাসনিক মন্ত্রণালয়;

- (৪) “পক্ষ” অর্থ ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্প সংক্রান্ত কোন উদ্দেশ্য সাধনের জন্য কোন জমির মালিকগণ/মালিকগণের সমিতি, সরকারের কোন সংস্থা এবং কর্তৃপক্ষ।
- (৫) “লে-আউট প্যান” অর্থ বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা, ২০০৪ এর ২(ঢ) তে সংজ্ঞায়িত লে-আউট প্যান;
- (৬) “মহাপরিকল্পনা” অর্থ The Town Improvement Act, 1953 (E.B. Act XIII of 1953) এর অধীনে প্রণীত মহাপরিকল্পনা।
- (৭) ইমারত অর্থ পাকা বা সেমিপাকা ইমারত।

(৮) ভূমির অর্থ State Acquisition and Tenancy Act, 1950 (E.B. Act No. XXVIII of 1952) এর Section 2 (১৬) এ সংজ্ঞায়িত ভূমি

### ৩। আইনের প্রাধান্য।-

আপাতত: বলবৎ অন্য কোন আইনে ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট সম্পর্কে যাহা কিছুই থাকুক না কেন, এই আইন ও তদধীনে প্রণীত বিধির বিধানাবলী কার্যকর হইবে।

### ৪। ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্পের প্রচার।-

কোন নির্দিষ্ট এলাকার ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্প চূড়ান্ত হইলে চুক্তির কপি, চুক্তি উন্নয়নের তারিখ হতে অনূন্য একমাসের মধ্যে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ/ওয়ার্ড কাউন্সিল এর নোটিশ বোর্ডে এমনভাবে ঝুলাইতে হইবে যাহাতে তা যথাসম্ভব সংশ্লিষ্ট এলাকার জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করে।

### ৫। প্রকল্পের এলাকা নির্ধারণ, প্রকল্প গ্রহণ, প্রকল্প বাতিল, চুক্তি, ইত্যাদি।-

(১) প্রকল্পের এলাকা নির্ধারণের ক্ষেত্রে কম বসতির জায়গাকে প্রাধান্য দিতে হইবে। পাশাপাশি যে সকল এলাকায় বেশী সংখ্যক পাকা অবকাঠামো গড়ে ওঠেনি এমন জায়গাকে নির্ধারণ করিতে হইবে। কোন অবস্থাতেই কৃষি জমি বা ফসলী জমিতে প্রকল্প এলাকা নির্ধারণ করা যাইবে না। কোন অবস্থাতেই The Town Improvement Act, 1953 (E.B. Act. XIII of 1953) এবং The Building Construction Act, 1952 (E.B. Act II of 1952) এর অধীন প্রণীত মহাপরিকল্পনাভুক্ত এলাকার নির্ধারিত ভূমিরূপ পরিবর্তন করা যাইবে না, যদি কোন খাল, বিল, নদী, নালা বা জলাধার এর পানি প্রকল্প এলাকার উপর দিয়ে প্রবাহিত হয়ে ক্ষেত্রমত কোন খাল, বিল, নর্দমা, নদী নালা বা জলাধার এলাকায় বহির্গমন করে থাকিলে বা প্রকল্প এলাকার কোন ভূমি সি.এস.এস, এ এবং আর, এস নকশায় খাল, বিল, নর্দমা, নদী, নালা বা জলাধার হিসাবে দেখানো আছে সেইরূপ কোন ভূমি অন্তর্ভুক্ত করা যাইবে না এবং এর কোন ব্যত্যয় ঘটিলে অথবা অনুমোদিত লে-আউট প্যানে প্রদর্শিত কোন খাল, বিল, নর্দমা, নদী, নালা বা জলাধার ইত্যাদির স্থান সংকুচিত করে পট সৃষ্টি ও বরাদ্দ প্রদান করা যাইবে না।

(২) ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্প গ্রহণের জন্য নির্ধারিত ভূমি মালিকগণের মধ্যে ৮০% ভূমির মালিকগণের সম্মতিতে এই প্রকল্প গ্রহণ করা যাইবে অন্যথায় প্রকল্প গ্রহণ করা যাইবে না।

(৩) ভূমির মালিকগণ/মালিকগণের পক্ষে গঠিত সমিতি ধারা মোতাবেক সরকার কর্তৃক নির্ধারিত সংস্থার সহিত চুক্তি সম্পাদন করিবেন।

(৪) উপ-ধারা (৩) এ উলিখিত চুক্তি অনুসারে সরকার ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট এর জন্য নূন্যতম তিন বছর সময় পাইবেন।

(৫) উপ-ধারা (৩) এ উলিখিত চুক্তি অনুযায়ী ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট কর্ম সম্পাদনের পর পুনরায় মালিকগণকে ভূমির মালিকানা ভূমির পূণঃবিন্যাস অনুযায়ী হস্তান্তর করিতে হইবে।

### ৬। খরচাদি ইত্যাদি।-

(১) প্রকল্পের সর্বোচ্চ ২০% ভূমি প্রকল্পের যাবতীয় ব্যয় নির্বাহের জন্য নির্ধারিত থাকিবে।

(২) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন পাঁকা/সেমিপাঁকা ইমারত ক্ষতিগ্রস্ত হলে তা প্রকল্প ব্যয় থেকে নির্বাহ করা হইবে।

### ৭। ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট এর সুবিধাদি।-

(১) প্রকল্প এলাকায় সড়ক নেটওয়ার্ক (প্রধান ও মাধ্যমিক সড়ক বাদে), শিক্ষা প্রতিষ্ঠান, কাঁচা বাজার ও মার্কেট স্থাপন, স্বাস্থ্য ব্যবস্থা, ধর্মীয় প্রতিষ্ঠান, কমিউনিটি সেন্টার, কবরস্থান, পার্ক, খেলার মাঠ এবং বিভিন্ন ইউটিলিটি সার্ভিস ও বিভিন্ন নাগরিক সুযোগ-সুবিধা এবং ইউটিলিটি সার্ভিসের ব্যবস্থা থাকিতে হইবে।

(২) সড়ক যোগাযোগ ব্যবস্থার বিন্যাস, প্রকল্প এলাকার আয়তন, জনসংখ্যা বিবেচনায় প্রয়োজ্য ক্ষেত্রে প্রকল্পের প্রধান সড়ক (Main/Primary Road), মাধ্যমিক সড়ক (Secondary Road) এবং অভ্যন্তরীণ বা সংযোগ সড়কের (Internal/Access) ব্যবস্থা রাখা হইবে।

(৩) ভূমির মালিকগণকে ভূমি হস্তান্তরের পূর্বেই উহাতে সকল প্রকার ইউটিলিটি সার্ভিস যেমন পানি, বিদ্যুৎ, গ্যাস ও পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা, অগ্নি নির্বাপন ইত্যাদির (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা করা হইবে।

(৪) প্রকল্পের অনুমোদিত নকশার ব্যত্যয় করিয়া কোন সুযোগ-সুবিধা ত্রাস বা পরিবর্তন করা যাইবে না।

#### ৮। নকশা ইত্যাদি।-

প্রকল্প নির্ধারিত হবার পর কর্তৃপক্ষ প্রকল্পের জন্য যাবতীয় নকশা প্রণয়ন করিবে।

#### ৯। ভূমি প্রদানে অসম্মতি, ক্ষতিপূরণ, মূল্য পরিশোধ ইত্যাদি।-

(১) প্রকল্প এলাকার কোন ভূমি মালিক যদি তাহার ভূমি প্রদানে অস্বীকৃতি জানায় সে ক্ষেত্রে তাহার সাথে কর্তৃপক্ষের বা প্রয়োজন মতে বাকি ভূমির মালিকগণের আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহণ করিতে হইবে।

(২) ল্যান্ড রিএ্যাডজাস্টমেন্ট প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন ভূমির মালিকের ইমারত ক্ষতিগ্রস্ত হইলে সর্বোচ্চ ছয় কিস্তিতে কর্তৃপক্ষ ক্ষতিপূরণের মূল্য প্রদান করিবে।

(৩) উপধারা (২) এ বর্ণিত ক্ষতিপূরণের মূল্য তফসিলি ব্যাংকের মাধ্যমে পরিশোধ করা হইবে।

(৪) উপধারা (২) এর বর্ণিত ক্ষতিপূরণের ব্যয় প্রকল্প সংশ্লিষ্ট ব্যয় হিসেবে বিবেচিত হইবে।

#### ১০। ভূমি হস্তান্তরের ব্যর্থতা, ইত্যাদি।-

(১) ধারা ৫ এর উপধারা (৩) অনুযায়ী চুক্তি সম্পাদনের পর ভূমির মালিক ভূমি হস্তান্তরের জন্য বাধ্য থাকিবেন।

(২) প্রকল্প নির্ধারিত হলে ভূমি হস্তান্তরের অস্বীকারকারী ভূমি মালিকের বিরুদ্ধে এই আইনের আওতায় কর্তৃপক্ষ আইনি ব্যবস্থা গ্রহণ করতে পারিবেন।

#### ১১। শাস্তি, ইত্যাদি।-

কোন ব্যক্তি এই আইনের কোন বিধান লঙ্ঘন করিলে তিনি অনধিক ০২ বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবে।

#### ১২। অর্থ দণ্ড আরোপের ক্ষেত্রে কতিপয় ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতা।

অন্য কোন আইনে ভিন্নতর যা কিছুই থাকুক না কেন, কোন ব্যক্তির উপর ধারা ১১ এর অধীনে অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে একজন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটান এলাকায় মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট উক্ত ধারায় উল্লিখিত অর্থদণ্ড আরোপ করিতে পারিবেন।

#### ১৩। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ, ইত্যাদি।-

এই আইন বা বিধির অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য কর্তৃপক্ষের বা, ক্ষেত্রমত, চেয়ারম্যান বা প্রধান নির্বাহী কর্মকর্তা বা কর্তৃপক্ষের অন্য কোন কর্মকর্তা বা অপর কর্মচারী বা কোন ব্যক্তির বিরুদ্ধে কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

#### ১৪। অপরাধ বিচারার্থে গ্রহণ ইত্যাদি।-

(১) কর্তৃপক্ষের চেয়ারম্যান বা প্রধান, যে নামেই অভিহিত হউক না কেন, বা তাহার নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির লিখিত অভিযোগ ছাড়া কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারের জন্য গ্রহণ করিবে না।

(২) অন্য কোন আইনে যা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন দণ্ডনীয় অপরাধ আমলযোগ্য বা ধর্তব্য (Cognizable) অপরাধ হইবে।

#### ১৫। বিধি প্রণয়নের ক্ষমতা।-

সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

## References

- Archer, R. W. (1992). Introducing the urban land pooling/readjustment technique into Thailand to improve urban development and land supply. *Public Administration and Development*, 12(2), 155-174.
- Broekhof, S. H. (2017, 07 31). Urban land readjustment: Necessary for effective urban renewal? Analysing the Dutch quest for new legislatio. *Land Use Policy*.
- Chhetri, R. B. (1998). Land Policy Instruments in Nepal. *Journal of the Institute of Engineering*, 10(1), 69-79.
- Chou, T., & Shen, S. (1982). Urban Land Readjustment in Kaohsiung, In Doebele, W.A (ed.), *Land Readjustment: A Different Approach to Financing Urbanization*. Massachusetts: Lexington Books.
- Davis, H. C. (1976). Issues in municipal public land banking. *Annals of*, 10(3), 55-66.
- Doebele, W. A. (1983). *Land Readjustment: A Different Approach to Financing Urbanization*. Lexington Books.
- Dunkerley, H. B. (1983). Urban land policy : issues and opportunities. World Bank.
- Gielen, D. M. (2016). Proposal of Land Readjustment for the Netherlands: An analysis of its effectiveness from an international perspective. *Cities*, 53, 78-86.
- Hartmann, T. (2015). *Land Use Policy*, 42, 729-737.
- Hartmann, T., & Spit, T. (2015). *Land Management in Germany and the Netherlands*.
- Home, R. (2007). Land readjustment as a method of development land assembly: A comparative overview. *Town Planning Review*, 78(4).
- Kucukmehmetoglu, M., & Geymen, A. (2015). Optimization models for urban land readjustment practices in Turkey. *Habitat International*, 53, 517-533.
- Kuppers. (1982). "Thoughts on the "Lex Adickes". Seminar on Urban Development: Focus on Land Management. Nagoya.
- Larsson, G. (1997). *Land Readjustment: A Tool for Urban Development*. Habitat International, 21(2), 141-152.
- Li, L. H., & Li, X. (2007). Land Readjustment: An Innovative Urban Experiment in China. *Urban Studies*, 44(1), 81-98.
- Mahmud, S., Huq, M. E., Kar, A., Mashraky, R., Islam, I., Akther, S., & Khatun, F. (2014). Managing Development of Fringe Areas in Dhaka City: "Land Readjustment" as a Technique for Sustainable Future Development Ensuring Environmental and Social Justice. *International Journal of Undergraduate Research and Creative Activities*, 6.
- Mittal, J. (2014). Self-financing land and urban development via land readjustment and value capture. *Habitat International*, 314-323.
- Nagmine, H. (1986). The Land Readjustment Techniques of Japan. *Habitat International*, 10(1/2), 51-58.
- Nakamura, H., Hayashi, Y., & Miyamoto, K. (1983). A LAND USE-TRANSPORT MODEL FOR METROPOLITAN AREAS. *Regional Science*, 51(1), 43-63.

- Sanyal, B., & Deuskar, C. (2012). Value Capture and Land Policies. Lincoln Institute of Land Policy.
- Sorensen, A. (2000). Land Readjustment, Urban Planning and Urban Sprawl in the Tokyo Metropolitan Area. *Urban Studies*, 36(13), 127-134.
- Tan, S., Heerink, N., & Qu, F. (2006). Land fragmentation and its driving forces in China. *Use Policy*, 23(3), 272-285.
- Turk, S. S. (2008). An Examination for Efficient Applicability of the Land Readjustment Method at the International Context. *Journal of Planning Literature*, 22(3).
- Yilmaz, A., Cagdas, V., & Demir, H. (2015). An evaluation framework for land readjustment practices. *Land Use Policy*, 44, 153-168.
- Yomralioglu, T. (1992). A Nominal Asset Value-Based Approach For Land Readjustment And Its Implementation Using GIS.
- Yomralioglu, T., & Parker, D. (1992). A GIS-BASED LAND READJUSTMENT SYSTEM FOR URBAN DEVELOPMENT. Fourth European Conference on Geographical Information Systems in Genoa, EGIS'93 Conference Proceedings, 1, pp. 372-379. Amsterdam.

Web Links:

<https://urban-regeneration.worldbank.org/node/31>

[https://www.jica.go.jp/jica-ri/publication/...att/LAND\\_READJUSTMENT\\_web.pdf](https://www.jica.go.jp/jica-ri/publication/...att/LAND_READJUSTMENT_web.pdf)

[https://www.jica.go.jp/jica.../LAND\\_READJUSTMENT\\_Cover-Contributors\\_web.pdf](https://www.jica.go.jp/jica.../LAND_READJUSTMENT_Cover-Contributors_web.pdf)

[urp-bd.blogspot.com/2015/02/review-on-private-residential-land.html](http://urp-bd.blogspot.com/2015/02/review-on-private-residential-land.html)



Urban Development Directorate  
Ministry of Housing and Public Works  
Government of the People's Republic of Bangladesh